গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/২৬৮২ তারিখ ২৮ জুলাই ২০২২খ্রি.

**বিষয়: মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা (দাখিল মান) ও কারিগরি (ভোকেশনাল) প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা (দাখিল মান) ও কারিগরি (ভোকেশনাল) প্রতিষ্ঠানসমূহে কর্মরত (সরকারি-বেসরকারি) শারীরিক শিক্ষার শিক্ষকগণ নিম্নে উল্লেখিত নির্দেশনা বাস্তবায়ন করতঃ প্রতিষ্ঠানে ক্রীড়া কার্যক্রম পরিচালনা করবেন।

০১। প্রতিদিন প্রাত্যহিক সমাবেশসহ রুটিন অনুযায়ী শারীরিক শিক্ষার ক্লাস নেওয়ার পাশাপাশি (ইনডোর/আউটডোর) খেলাধুলায় সরাসরি প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীদেরকে নিয়ে রুটিন করে সরাসরি অংশগ্রহণ করতে হবে। প্রতিদিনের ক্রীড়া বিষয়টি ক্লাস রুটিনে অন্তর্ভুক্ত করতে হবে।

০২। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে যথাযথ প্রস্তুতি গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

০৩। এ জন্য শ্রেণি ভিত্তিক অথবা বিদ্যালয় ভিত্তিক ক্রীড়া টিম গঠন করতে হবে। টিম গঠন করার জন্য www.phyedu.org ওয়েবসাইটে বিস্তারিত নির্দেশনা প্রদান করা আছে। আগামী গ্রীষ্মকালীন ক্রীড়ায় শারীরিক শিক্ষা বিভাগের ডাটাবেজে অন্তর্ভুক্ত না থাকলে ক্রীড়ায় অংশগ্রহণ করা যাবে না। টিম গঠন করার জন্য পূর্বের নির্দেশনাটি সংযুক্ত করে দেয়া হলো।

০৪। প্রতিষ্ঠান প্রধানদের প্রতি নির্দেশ দেয়া যাচ্ছে যে, শারীরিক শিক্ষার শিক্ষকদের নিজ বিষয়ের সকল দায়িত্ব পালনে বাধ্য করবেন।

০৫। শারীরিক শিক্ষা বিভাগের ওয়েবসাইটে ক্রীড়া বিষয়ে লেখালেখি, ক্রীড়া কর্মকাণ্ড সম্পর্কিত তথ্য এবং ক্রীড়া বিষয়ে ভিডিও প্রদানের জন্য একটি 'মাইক্রো ব্লগ সাইট' ওপেন করা হয়েছে। শারীরিক শিক্ষক এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীবৃন্দ ব্লগে সহজেই রেজিস্ট্রেশন করে ক্রীড়া বিষয়ে ব্লগ লিখতে পারবেন। উপরোক্ত ওয়েবসাইটের (www.phyedu.org) উপরের ডান কোনায় 'ব্লগ' অপশনে গিয়ে অথবা সরাসরি blog.phyedu.org তে গিয়ে ব্লগ লিখতে পারবেন।

০৬। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় বাৎসরিক ক্রীড়া কার্যক্রম পরিচালনা করবেন এবং এ সম্পর্কিত কার্যাবলি ব্লগে প্রকাশ করবেন।

০৭। প্রতিটি প্রতিষ্ঠান প্রধান এবং শারীরিক শিক্ষার শিক্ষকের সমন্বয়ে ক্রীড়া ফান্ডের জন্য ব্যাংকে আলাদা হিসাব খুলতে হবে (প্রধান শিক্ষক এবং শারীরিক শিক্ষকের যৌথ স্বাক্ষরে)। উক্ত অর্থ থেকেই বাৎসরিক ক্রীড়া কার্যক্রম পরিচালনা সহ প্রতিষ্ঠানের ক্রীড়ার উন্নয়নে অর্থ ব্যয় করতে হবে।

উপরোল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে কোনোরকম প্রতিবন্ধকতার সৃষ্টি হলে ওয়েবসাইটের 'অভিযোগ বাক্স' মেনুতে গিয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট অভিযোগ আকারে পত্র দাখিল করতে হবে। সকল জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিষয়টি গুরুত্বসহকারে মনিটরিং করবেন। উপরিউক্ত বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধান এবং শারীরিক শিক্ষার শিক্ষকদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

28/07/2022

(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৪১০৫০৪৪৮
**Email: ddphysical@gmail.com**

**জেলা শিক্ষা অফিসার (সকল)**

-------------------------------।

২৮/০৭/২০২২

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/২৮৫২(১১২) তারিখ : ২১ জুলাই ২০২২খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ বিকেএসপি, ঢাকা।
০৪। পরিচালক (ক: ও প্র:/মাধ্যমিক/প: ও উ:/ প্রশিক্ষণ/মনি: এন্ড ইভা:/ অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
০৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
০৭। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
০৮। জেলা প্রশাসক, (সকল)...........................................।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)...................................... জেলা ........................................।
১০। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল। (পত্রে উল্লেখিত বিষয়গুলো জেলা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো)।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,(সকল).......................................জেলা,.......................................। কে সংশ্লিষ্ট উপজেলায় প্রত্যেকটি মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পত্রে উল্লেখিত বিষয়গুলো বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।
১২। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
১৩। জেলা ক্রীড়া অফিসার, (সকল)----------------------------------।
১৪। সিস্টেম অ্যানালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা **(মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের Message Communication -এ প্রকাশের অনুরোধসহ)।**
১৫। সংরক্ষণ নথি।

২১/০৭/2022


(মোঃ আক্তারুজ্জামান ভুঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৪১০৫০৪৪৮
**Email: ddphysical@gmail.com**


২১/০৭/২০২২